

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৪৬(আগরতলা, ১৪।৫)
জম্মুইজলা, ১৪ মে, ২০১৮

কৃষি উন্নয়নে জম্মুইজলায় একশ দিনের অ্যাকশন প্ল্যান

জম্মুইজলা মহকুমায় কৃষি কার্যালয়ের উদ্যোগে ১০০ দিনের কর্ম পরিকল্পনা অনুসারে বিভিন্ন কর্মসূচী রূপায়িত হচ্ছে। কর্মসূচী অনুযায়ী সয়েল হেলথ কার্ড স্কীমে ৭৫ জন কৃষকের জমির মাটির নমুনা সংগ্রহ করা হবে। প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় খারিফ মরশুমে মহকুমার ৪০ জন কৃষকের জমি বীমার আওতায় আনা হয়েছে। কৃষি দপ্তর থেকে এই কর্মসূচীতে কৃষকদের ৫টি পাওয়ার টিলার বিতরণ করা হবে। এছাড়া, উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের প্রশিক্ষণ দেওয়া হবে। কৃষকদের মধ্যে বিতরণ করা হবে ১০ মেট্রিকটন ধান বীজ। জম্মুইজলা মহকুমা কৃষি তত্ত্বাবধায়ক এই তথ্য জানান।
